


অধ্যাপক ড. সি.আর. আবরার
শিক্ষা উপদেষ্টা
শিক্ষা মন্ত্রণালয়

শিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা অধ্যাপক ড. সি. আর. আবরার।

তিনি ১৯৫২ সালের ১৭ আগস্ট ফরিদপুর শহরে জন্মগ্রহন করেন। তার পিতা আবদুস সাত্তার চৌধুরী ও মাতা সোফিয়া সুলতানা।

ঢাকার লক্ষ্মীবাজারে অবস্থিত সেন্ট গ্রেগরীজ হাই স্কুলে ড. আবরার শিক্ষা জীবন শুরু করেন । তিনি মির্জাপুর ক্যাডেট কলেজ থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কৃতিত্বের সাথে পাস করেন। ১৯৭২ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগে ভর্তি হন এবং পরবর্তীতে প্রথম শ্রেণীতে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। এরপর ১৯৮০ সালে যুক্তরাজ্যের সাসেক্স বিশ্ববিদ্যালয় থেকে একই বিষয়ে এমএ এবং ১৯৯১ সালে অস্ট্রেলিয়ার গ্রিফিথ বিশ্ববিদ্যালয়ের এশিয়ান এ্যান্ড ইন্টারন্যাশনাল ষ্টাডিজ বিভাগ থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন। ১৯৭৯ সাল থেকে টানা চার দশক ধরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেছেন।

ড. আবরার শরণার্থী ও অভিবাসন বিষয়ক প্রতিষ্ঠান রিফিউজি অ্যান্ড মাইগ্রেটরি মুভমেন্টস রিসার্চ ইউনিট (রামরু) এর নির্বাহী পরিচালক ছিলেন। দীর্ঘদিন রোহিঙ্গা শরণার্থীদের নিয়ে কাজ করছেন। তিনি সতের বছর মানবাধিকার সংগঠন ‘অধিকার’ এর প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেছেন। গুম, বিচারবহির্ভূত হত্যাকান্ড, মতপ্রকাশের স্বাধীনতা ও সীমান্ত হত্যা প্রভৃতি বিষয়ে তিনি প্রতিষ্ঠিত সংবাদপত্রে  নিয়মিত কলাম লেখক ছিলেন।